

# রোমীয়দের প্রতি পত্র

## পরীক্ষার উত্তরপত্র

shepherds
GLOBAL CLASSROOM

# রোমীয়দের প্রতি পত্র

## পরীক্ষার উত্তরপত্র

shepherds
GLOBAL CLASSROOM

# পাঠ ১
# পত্রের ভূমিকা

(১) কেন পৌল রোমীয় বিশ্বাসীদের কাছে চিঠি লিখেছিলেন?

রোমীয় বিশ্বাসীদের কাছে নিজেকে ও তার পরিত্রাণের ধর্মতত্ত্বকে পরিচয় করিয়ে দেওয়া, যাতে তিনি তাদের সঙ্গে সাক্ষাৎ করতে পারেন এবং তাদের সহযোগিতায় এক নতুন মিশনের কাজ শুরু করতে পারেন।

(২) কেন পৌল রোমে যাওয়ার পরিকল্পনা করেছিলেন?

পৌল স্পেনে মিশনারি প্রচেষ্টা শুরু করার জন্য রোমের মন্ডলীটিকে একটি ভিত্তি হিসাবে ব্যবহার করতে চেয়েছিলেন

(৩) নতুন নিয়মের পত্রগুলিতে *যিশুখ্রিষ্ট আমাদের প্রভু* পরিভাষাটির অর্থ কী?

এটি বলে যে তিনিই যিশু নামের ঐতিহাসিক ব্যক্তি, তিনি ইহুদি মশীহ এবং তিনিই ঈশ্বর।

(৪) পুনরুত্থান কীভাবে যিশুর ঈশ্বরত্ব প্রমাণ করেছিল?

যিনি ঈশ্বর নন তিনি নিজেকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত করতে পারেন না; অথবা ঈশ্বর এমন একজন ব্যক্তিকে উত্থাপন করবেন না যিনি মিথ্যাভাবে নিজেকে ঈশ্বর বলে দাবি করেন।

(৫) বর্বর শব্দটি ব্যাখ্যা করুন (রোমীয় ১:১৪)।

বর্বর ছিল বিদেশী, গ্রীক সংস্কৃতির নয়।

(৬) সুসমাচার প্রচারকের কেন সুসমাচার ভাগ করে নেওয়ার ঋণ রয়েছে?

সুসমাচার প্রচারক হারানোদের কাছে সুসমাচারের ঋণী, কারণ ঈশ্বর আমাদেরকে তাদের সাথে সুসমাচার ভাগ করে নেওয়ার দায়বদ্ধতা দিয়েছেন।

(৭) রোমীয় পুস্তকের কেন্দ্রীয় ও সবচেয়ে গুরুত্বপূর্ণ সত্যটি কী?

বিশ্বাসের দ্বারা ধার্মিক ব্যক্তি বাঁচবে।

(৮) রোমীয় পুস্তকে *মৃত্যু* বলতে কী বোঝায়?

ঈশ্বরের বিচার

(৯) রোমীয় পত্র অনুযায়ী, ঈশ্বরের বিচার থেকে কে বা কারা রেহাই পাবে?

শুধুমাত্র যারা বিশ্বাসের দ্বারা ধার্মিক হয়েছে।

# পাঠ ২
# পরজাতীয় ত্রুটি

(১) কোন উপায়ে মানুষ ‘সাধারণ প্রকাশ’ লাভ করে?

ঈশ্বরের সৃষ্টিকে দেখে

(২) শাস্ত্র ছাড়াই সব মানুষ ঈশ্বর সম্বন্ধে কী জানে?

মানুষ জানে যে একজন ঈশ্বর আছেন, তাকে মান্য করা উচিত, এবং তারা ইতিমধ্যেই তাঁর অবাধ্য হয়েছে।

(৩) ‘বিশেষ প্রকাশ’ (Special Revelation) কী?

বিশেষ প্রকাশ হল বাইবেলের অনুপ্রেরণায় এবং খ্রিষ্টের মানবদেহ-ধারণে প্রকাশিত সত্য।

(৪) মূর্তিপূজা কী?

ঈশ্বর যা সৃষ্টি করেছেন সেটির সেবা করা ও উপাসনা করা।

(৫) দু’টি উপায়ে যা পাপ-প্রবৃত্তি মানুষের চিন্তাভাবনার উপর প্রভাব ফেলে।

- যখন তাদের নৈতিক সিদ্ধান্ত নিতে হয়, তখন পাপ-প্রবৃত্তি মানুষকে বাধা দেয়।
- এর ফলে লোকেরা তাদের পাপপূর্ণ আকাঙ্ক্ষা ও ক্রিয়াকলাপকে সমর্থন করে।

# পাঠ ৩
# ইস্রায়েলীয় ত্রুটি

(১) অ্যাপোক্যালিপটিক শাস্ত্র কী বর্ণনা করে?

এটা এমন এক সময় সম্বন্ধে বর্ণনা করে, যখন ঈশ্বর হঠাৎ জগতে হস্তক্ষেপ করবেন, মন্দকে শাস্তি দেবেন এবং তাঁর লোকেদের সাহায্য করবেন।

(২) কেন যিহুদিরা অনুগ্রহ পাওয়ার আশা করেছিল?

তারা ভেবেছিল যে তারা ঈশ্বরের অনুগ্রহ পেয়েছে কারণ তারা হল অব্রাহামের সন্তান।

(৩) কিভাবে একজন ব্যক্তিকে ধার্মিক করা হয়?

একজন ব্যক্তি বিশ্বাসের মাধ্যমে অনুগ্রহ দ্বারা ধার্মিকগণিত হন।

(৪) কীভাবে একজন ব্যক্তি দেখাতে পারেন যে তার কাছে উদ্ধারকারী বিশ্বাস রয়েছে?

একজন ব্যক্তি বিশ্বস্তভাবে জীবনযাপন করার মাধ্যমে দেখান যে তার কাছে উদ্ধারকারী বিশ্বাস আছে।

(৫) একজন ইহুদির জন্য ত্বকচ্ছেদের তাৎপর্য কী ছিল এবং একজন খ্রিষ্টবিশ্বাসীর জন্য এটি কীসের প্রতীক ছিল?

ত্বকচ্ছেদ ছিল একজন ইহুদির পরিচয়ের চিহ্ন, যা প্রমাণ করত যে সে ঈশ্বরের লোকদের একজন। খ্রিষ্টবিশ্বাসীর জন্য এটি পবিত্র আত্মার কাজকে চিত্রিত করে, যখন সে ঈশ্বরের প্রতি প্রেম ও বাধ্য হওয়ার জন্য পাপীর হৃদয় পরিবর্তন করে।

# পাঠ ৪
# সার্বজনীন পরিস্থিতি

(১) ক্যালভিনের “সাধারণ অনুগ্রহ” (common grace) ধারণাটি ব্যাখ্যা করুন।

তিনি বিশ্বাস করতেন যে ঈশ্বর সমস্ত মানুষকে অনুগ্রহ প্রদান করেন, যা তাদেরকে উত্তম কাজ করতে সমর্থ করে। তিনি বিশ্বাস করতেন না যে ‘সাধারণ অনুগ্রহ’ একজন ব্যক্তিকে পরিত্রাণের দিকে নিয়ে যেতে পারে।

(২) ওয়েসলির ‘‘আগে যে অনুগ্রহ আসে’’ ধারণাটি ব্যাখ্যা করুন।

ঈশ্বর লোকেদের সাড়া দেওয়ার আকাঙ্ক্ষা ও ক্ষমতা দেন, কিন্তু তাদেরকে অপ্রতিরোধ্যভাবে পরিত্রাণ দেন না। ঈশ্বর মানুষকে বেছে নেওয়াকে সম্ভব করে তোলেন। এটি প্রথম অনুগ্রহ (first grace) যা প্রতিটি ব্যক্তির কাছে আসে।

(৩) রোমীয় ৩:১৯ পদে “যেন প্রত্যেকের মুখ বন্ধ হয়‘ এর অর্থ কী?

এর অর্থ হল, নিজেকে ন্যায়সঙ্গত করার জন্য কারও কোনও অজুহাত বা ভিত্তি নেই।

(৪) রোমীয় ৩ অধ্যায়ে ইহুদিদের কোন বড় সুবিধা সম্বন্ধে উল্লেখ করা হয়েছে?

তারাই শাস্ত্র পেয়েছিল।

(৫) উপাসনার পদ্ধতিগুলি কীভাবে আমাদের উপকার করে?

উপাসনার পদ্ধতিগুলি আমাদের বিশ্বাসকে সাহায্য করে। আমরা যখন সেগুলি বিশ্বাস সহকারে অনুশীলন করি, তখন আমরা অনুগ্রহ লাভ করি।

(৬) রোমীয় ৩:১০-১৮ পদ কী দেখায়?

ঈশ্বরের ধার্মিকতা লাভ না করে কেউই ধার্মিক নয়।

(৭) কারা আইনের অধীনে রয়েছে? (রোমীয় ৩:১৯-২০)

যে ব্যক্তি মনে করে যে তাকে ঈশ্বরের দ্বারা গৃহীত হওয়ার জন্য আইন পালন করতে হবে।

# পাঠ ৫
# ধার্মিকগণিত হওয়ার উপায় ও অর্থ

(১) একজন ব্যক্তির যদি উদ্ধারকারী বিশ্বাস (saving faith) থাকে, তাহলে তিনি কি বিশ্বাস করেন?

- তিনি বিশ্বাস করেন যে, তিনি নিজেকে নির্দোষ প্রমাণ (justify) করার জন্য কিছুই করতে পারেন না।
- তিনি বিশ্বাস করেন যে, খ্রিষ্টের বলিদানই তার ক্ষমার জন্য যথেষ্ট।
- তিনি বিশ্বাস করেন যে, কেবলমাত্র বিশ্বাসের শর্তে ঈশ্বর তাকে ক্ষমা করেন।

(২) প্রায়শ্চিত্তের (atonement) মাধ্যমে সমাধানের দ্বিধা বা উভয়সঙ্কটটি কি ছিল?

পাপী ব্যক্তিকে ধার্মিক-প্রতিপন্ন করা এবং তবুও ঈশ্বর একজন ধার্মিক বিচারক হওয়া।

(৩) প্রায়শ্চিত্ত কীভাবে দ্বিধা বা উভয়সংকটের সমাধান করেছিল?

ঈশ্বর ক্ষমা করার ভিত্তি হিসাবে একটি বলিদান প্রদান করেছেন। যে বিশ্বাস করে তাকে তিনি ক্ষমা করতে পারেন, কিন্তু বলিদান দেখায় যে ঈশ্বর পাপকে গুরুতর বলে গণ্য করেন।

(৪) *ধার্মিকগণিত* হওয়ার (justification) অর্থ কি?

ধার্মিকগণিত হওয়ার অর্থ হল, যে পাপী অনুতপ্ত হয় এবং বিশ্বাস করে তাকে ধার্মিক বলে গণ্য করা হয়, এমন যেন সে পাপ করেনি।

(৫) কীভাবে একজন ব্যক্তি আইনব্যবস্থাকে ধার্মিকতার মান হিসেবে তুলে ধরেন? (রোমীয় ৩:৩১)

পাপের জন্য অনুতপ্ত হয়ে এবং বাধ্যতায় জীবনযাপন করার দ্বারা।

(৬) অব্রাহামের কাছে ঈশ্বরের অনুগ্রহের প্রতিজ্ঞা কী ছিল?

অব্রাহামের বংশধরদের মাধ্যমে পৃথিবীর সমস্ত মানুষকে ঈশ্বরের অনুগ্রহ প্রদান করা হবে।

(৭) বিশ্বাসের দ্বারা ধার্মিকগণিত হওয়া (justification) সম্বন্ধে দায়ূদ কী বলেছিলেন?

তিনি এটিকে ঈশ্বরের কাছ থেকে পাওয়া এক গ্রহণযোগ্যতা হিসাবে বর্ণনা করেছিলেন, যা পাপের ক্ষমার উপর নির্ভর করে।

(৮) অব্রাহামের আত্মিক সন্তানরা কারা?

যাদের ত্রাণকারী বিশ্বাস আছে তারা।

(৯) রোমীয় ৫:১৫ পদ থেকে আমরা কীভাবে জানতে পারি যে, পরিত্রাণ প্রত্যেককে দেওয়া হয়?

এই পদটি বলে যে, আদমের পাপ যেমন সকলকে পাপী করে তুলেছিল, তেমনই খ্রিষ্টের প্রায়শ্চিত্ত প্রত্যেকের জন্য অনুগ্রহ প্রদান করে।

# পাঠ ৬
# পাপের উপর বিজয়

(১) পাপ কী তা বোঝা কেন গুরুত্বপূর্ণ?

অনুতাপ এবং বিজয়লাভ বোঝার জন্য আমাদেরকে অবশ্যই বুঝতে হবে, পাপ কী।

(২) ইচ্ছাকৃত পাপের (willful sin) সংজ্ঞা কী?

একজন ব্যক্তি যখন উদ্দেশ্যমূলকভাবে এবং জেনেশুনে ঈশ্বরের অবাধ্য হওয়া বেছে নেয়, তখন তা হয় ইচ্ছাকৃত পাপ।

(৩) রোমীয় ৬ অধ্যায়ে পৌল কোন ভুল ধারণার উত্তর দিয়েছিলেন?

অনুগ্রহের কারণে বিশ্বাসীদের ঈশ্বরের আইনের প্রতি অনুগত জীবন যাপনের প্রয়োজন নেই।

(৪) পাপের কাছে মৃত হওয়ার অর্থ কী?

পাপে মৃত হওয়ার অর্থ হল আর কোনোমতেই পাপের কর্তৃত্ব বা নিয়ন্ত্রণের অধীনে না থাকা।

(৫) অনুগ্রহের অধীন হওয়ার অর্থ কী?

অনুগ্রহের অধীনে থাকার অর্থ হল ঈশ্বরের কাছে গ্রহণযোগ্যতার জন্য অনুগ্রহের উপর নির্ভরশীল হওয়া।

(৬) আইনের অধীনে থাকার অর্থ কী?

আইনের অধীনে থাকার অর্থ হল ঈশ্বরের কাছে গ্রহণযোগ্যতার জন্য আইনের প্রতি আনুগত্যের উপর নির্ভরশীল হওয়া।

(৭) ঈশ্বর এবং পাপ উভয়ের পরিচর্যা করা অসম্ভব কেন?

ঈশ্বর এবং পাপ – একসাথে উভয়ের পরিচর্যা করা অসম্ভব, কারণ আপনি তারই দাস যাকে আপনি মেনে চলেন। যদি আপনি পাপকে মান্য করেন, তাহলে পাপ আপনার প্রভু, যার মানে হল ঈশ্বর আপনার প্রভু নন।

(৮) *পুরনো সত্তা* (old self) কথাটির অর্থ কী?

পুরনো সত্তা হল পাপের আত্ম-কেন্দ্রিক জীবন যা একজন বিশ্বাসী তার রূপান্তরের সময়ে ত্যাগ করে।

# পাঠ ৭
# দণ্ডাজ্ঞাপ্রাপ্ত পাপী

(১) পুরাতন নিয়মের আনুষ্ঠানিক এবং নাগরিক আইনগুলির এখনো গুরুত্বপূর্ণ হওয়ার দুটি কারণ উল্লেখ করুন।

- সেগুলি ঈশ্বরের প্রকৃতি প্রকাশ করে যা পরিবর্তন হয় না।
- এগুলি নির্দিষ্ট উপায়ে প্রয়োগ করার জন্য নৈতিকতার নীতি প্রদান করে।

(২) আইনের কাছে মৃত হওয়ার অর্থ কী?

আইনের কাছে মৃত হওয়ার অর্থ হল, আমাদের ধার্মিকগণিত হওয়ার উপায় হিসেবে এটি পূরণ করার দরকার নেই, কারণ আমরা অনুগ্রহের দ্বারা ধার্মিকগণিত হয়েছি।

(৩) *মাংসে* কথাটির দুটি ব্যবহার কী কী?

- মানুষের নশ্বর আকারে থাকা।
- একটি পতিত, পাপময় প্রকৃতির দ্বারা নিয়ন্ত্রিত হওয়া।

(৪) কীভাবে আইন পাপকে আরো খারাপ করে তোলে?

যখন একজন পাপী জানতে পারে যে সে দোষী, তারপরেও তার অব্যাহত পাপ (ঈশ্বরের আইনের অমান্যতা) সচেতন বিরোধীতা হয়ে ওঠে।

(৫) কেন সুসমাচার প্রচারের জন্য আইন গুরুত্বপূর্ণ?

একজন ব্যক্তি তার পরিত্রাণের প্রয়োজন তখনই দেখতে পায় যখন সে বুঝতে পারে যে সে ঈশ্বরের আইন দ্বারা দোষীসাব্যস্ত।

# পাঠ ৮
# পবিত্র আত্মায় জীবন

(১) কেন আইনের পক্ষে পরিত্রাণের উপায় হওয়া অসম্ভব ছিল?

অবিশ্বাসী ব্যক্তি আইন পালনে সক্ষম ছিল না।

(২) এই কথাটির অর্থ কী যে একজন বিশ্বাসী আর মাংসিক নয়?

বিশ্বাসী আর কোনোমতেই মাংসের অধীনে নয় এবং প্রলোভনকে প্রতিরোধ করার শক্তি তার কাছে আছে।

(৩) কীভাবে আইন একজন খ্রিষ্টবিশ্বাসীর জীবনকে পরিচালনা করে?

কীভাবে ঈশ্বর চান, তা দেখানোর মাধ্যমে আইন একজন খ্রিষ্টবিশ্বাসীর জীবনকে পরিচালিত করে।

(৪) আত্মার সাক্ষ্য কী?

ঈশ্বরের আত্মা আমাদেরকে নিশ্চিত করে যে আমরা ঈশ্বরের সাথে প্রেমময়, অনুগত সম্পর্কের মধ্যে আছি এবং সাক্ষ্য দেয় যে আমরা পরিত্রাণ পেয়েছি।

(৫) অন্তিম বা চূড়ান্ত পরিত্রাণ কী?

সৃষ্টির চূড়ান্ত, সম্পূর্ণ পুনরুদ্ধার।

(৬) কোন সমস্যাগুলি দেখা যাবে যদি লোকেরা দেহের পুনরুত্থান অস্বীকার করে?

সন্ন্যাসবাদ (asceticism) - শারীরিক কামনাগুলিকে মন্দ ভেবে সেগুলিকে চূড়ান্ত পর্যায়ে দমন করা, বা ভোগবাদ (hedonism) শারীরিক কামনাগুলিকে ক্ষতিহীন ভেবে সেগুলিকে উদাসীনভাবে প্রশ্রয় দেওয়া

(৭) বিশ্বাসীর নিরাপত্তা কী?

বিশ্বাসীর নিরাপত্তা হল এই প্রতিজ্ঞা যে ঈশ্বর কখনো তাকে তার বিশ্বাসে অটল থাকার শক্তি প্রদান করতে ব্যর্থ হবেন না এবং অন্য কোনো শক্তি তাকে ঈশ্বরের কাছ থেকে দূরে সরাতে পারবে না।

# পাঠ ৯
# ঈশ্বরের নির্বাচন

(১) আমরা কীভাবে জানতে পারি যে ঈশ্বর চান যেন আমরা তাঁর ন্যায়বিচার বুঝতে পারি?

ঈশ্বর তাঁর পরিত্রাণের নীতিগুলি ব্যাখ্যা করেছেন, সেইসাথে এটিও ব্যাখ্যা করেছেন যে কেন সেগুলি ন্যায়সঙ্গত।

(২) কেন আমাদের জন্য এটি দেখা গুরুত্বপূর্ণ যে ঈশ্বর ন্যায়পরায়ণ?

আমাদের পক্ষে প্রকৃত অর্থে ঈশ্বরের উপাসনা করা সম্ভব হবে না যদি না আমরা দেখতে পাই যে তিনি ন্যায়পরায়ণ।

(৩) ঈশ্বরের সার্বভৌমত্বের একটি বাইবেলভিত্তিক দৃষ্টিভঙ্গি কী?

- ঈশ্বর লোকেদের পরিণতিসহ প্রকৃত পছন্দ নির্বাচন করার অনুমতি দেওয়ার জন্য বেছে নিয়েছেন।
- ঈশ্বর মানুষের নির্ধারিত পছন্দে সাড়া দেন।
- যেকোনো ব্যক্তি যা কিছুই করুক, ঈশ্বর তাঁর চূড়ান্ত পরিকল্পনা সম্পন্ন করার জন্য যথেষ্ট শক্তিশালী এবং জ্ঞানী।

(৪) রোমীয় ৯ অধ্যায়ের মূল পয়েন্ট বা বিষয়বস্তুটি কী?

ঈশ্বর পরিত্রাণের পথ নির্ধারণ করেছেন, এবং অন্য কোনো উপায়ে কেউ পরিত্রাণ লাভ করতে পারে না।

(৫) ইস্রায়েলের আত্মিক সুবিধাগুলি কী কী ছিল?

- তারা প্রথমে ঈশ্বরকে তাদের পিতা হিসেবে পেয়েছিল।
- তারা প্রথমে ঈশ্বরের প্রকাশিত মহিমা দেখেছিল।
- তাদের কাছে
    - তাঁর আশীর্বাদের শর্ত হিসেবে চুক্তিগুলি ছিল।
    - বিধান ছিল।
    - উপাসনার পদ্ধতি ছিল।
    - চূড়ান্ত পরিত্রাণের প্রতিজ্ঞাসমূহ ছিল।
- পিতৃপুরুষেরা ইহুদি ছিল।
- যিশু একজন ইহুদি হিসেবে জন্মগ্রহণ করেছিলেন।

(৬) খ্রিষ্টধর্ম এবং ইহুদি ধর্মের মধ্যে পাঁচটি সংযোগ কী কী?

- খ্রিষ্টবিশ্বাসী এবং ইহুদি ধর্ম অনুসরণকারীরা সেই একই ঈশ্বরের উপাসনা করে এবং ঈশ্বরের থেকে সুস্পষ্ট প্রকাশ লাভ করেছে।
- ইহুদি ধর্ম খ্রিষ্টবিশ্বাসের তাত্ত্বিক এবং দার্শনিক ভিত্তি প্রদান করে।
- খ্রিষ্টবিশ্বাসী এবং ইহুদি ধর্ম অনুসরণকারীরা শাস্ত্র হিসেবে পুরাতন নিয়মকে গ্রহণ করে, কিন্তু ইহুদি ধর্ম অনুসরণকারীরা নতুন নিয়মকে গ্রহণ করে না।
- খ্রিষ্টবিশ্বাসের প্রবর্তক যিশু একজন ইহুদি ছিলেন এবং তাঁর লোকদের ধর্মকে নিশ্চিত করেছিলেন।
- ইহুদি ধর্মের মূল ছিল মশীহের আশা। প্রথম খ্রিষ্টবিশ্বাসীরা ছিল সেই ইহুদি যারা বিশ্বাস করত যে যিশু হলেন ইহুদি মশীহ।

(৭) ঈশ্বরের যাকোবকে বেছে নেওয়ার বিষয়ে রোমীয় ৯ অধ্যায় কী বলে?

ঈশ্বর যখন এষৌর পরিবর্তে যাকোবকে বেছে নিয়েছিলেন, তখন তিনি কাকে বাঁচাতে চান তা বেছে নিচ্ছিলেন না। পরিত্রাণের পরিকল্পনা পূর্ণ করার জন্য তিনি যাকে ব্যবহার করবেন তাকে বেছে নিয়েছিলেন।

(৮) কেন আমরা ঈশ্বরের সার্বভৌমত্বে আনন্দ করতে পারি?

আমরা ঈশ্বরের সার্বভৌমত্বে আনন্দ করতে পারি কারণ তিনি সর্বদাই জ্ঞানী, উত্তম, প্রেমময়, এবং তাঁর প্রতিটি কাজে ন্যায়পরায়ণ।

# পাঠ ১০
# একটি জরুরি বার্তা

(১) *রোমীয় ১০ অধ্যায়ের মূল* **পয়েন্টটি** *কী?*

ধার্মিকতা অবশ্যই বিশ্বাসের দ্বারা প্রতিষ্ঠা করা উচিত, এবং বিশ্বাসের প্রয়োজনীয়তা সুসমাচারের বার্তাকে জরুরিভাবে গুরুত্বপূর্ণ করে তোলে।

(২) *কীভাবে ইহুদিরা নিজেদের ধার্মিক প্রতিপন্ন করার চেষ্টা করেছিল?*

ব্যক্তিগত ধার্মিকতার একটি নিখুঁত নথি স্থাপন করার দ্বারা।

(৩) *কীভাবে আমরা জানতে পারি যে যিশু আসার আগে যে লোকেরা ছিল তারা কাজ দ্বারা পরিত্রাণ পায়নি?*

পৌল স্পষ্টভাবে বলেছেন যে যারা কাজের দ্বারা তাদের নিজস্ব ধার্মিকতা স্থাপন করার চেষ্টা করেছিল তারা ভুল পথে চালিত হয়েছিল এবং হারিয়ে গিয়েছিল।

(৪) *এই কথাটির অর্থ কী যে পরিত্রাণ আমাদের হৃদয়ে এবং মুখে রয়েছে?*

আমরা এটি বিশ্বাস (আমাদের হৃদয়ে) এবং স্বীকারোক্তি (আমাদের মুখ দ্বারা) দ্বারা গ্রহণ করি।

(৫) *কেন মিশনারির বার্তা জরুরী?*

যেহেতু লোকেরা বিশ্বাস দ্বারা পরিত্রাণ পায়, তাই তাদের বার্তা শোনা উচিত যাতে তারা বিশ্বাস করতে পারে।

(৬) *রোমীয় ১১ অধ্যায়ে গাছের শাখা-প্রশাখার দৃষ্টান্তটি ব্যাখ্যা করুন।*

ইস্রায়েল ছিল ঈশ্বরের গাছ থেকে ভেঙে পড়ে যাওয়া শাখাগুলির মতো, এবং পরজাতিরা ছিল যুক্ত হওয়া শাখাগুলির মতো। ইহুদিরা তাদের অবিশ্বাসের জন্য ভেঙে পড়েছিল। যাদেরকে আনা হয়েছে তাদের মধ্যে যে কেউ ভেঙে পড়তে পারে যদি সে বিশ্বাসে অবিচল না থাকে। যারা ইতিমধ্যেই ভেঙে পড়েছে, তারা পুনঃস্থাপিত হতে পারে।

(৭) *পুরাতন নিয়মের তিন ধরণের প্রতিজ্ঞা তালিকাভুক্ত করুন।*

- পরিত্রাণের প্রতিজ্ঞা
- ঈশ্বরের তাঁর লোকেদের জন্য যত্নের প্রতিশ্রুতি
- একটি জাতি হিসাবে ইস্রায়েলের কাছে প্রতিশ্রুতিসমূহ

# পাঠ ১১
# পরিচর্যা এবং সম্পর্ক সকল

(১) এক জীবন্ত বলিদানের দৃষ্টান্তটি ব্যাখ্যা করুন।

একটি বলির মতো যাকে বধ করা হবে, আমরা নিজেদেরকে সম্পূর্ণরূপে নিবৃত্ত করি; কিন্তু মৃত্যুর পরিবর্তে আমরা ঈশ্বরের জন্য বাঁচি। অঙ্গীকার বজায় রাখতে হবে। এক জীবন্ত বলিদানের দৃষ্টান্ত আমাদের নৈবেদ্যর সামগ্রিকতার উপর জোর দেয়।

(২) সম্পূর্ণরূপে ঈশ্বরের প্রতি উৎসর্গীকৃত হওয়ার জন্য আমাদের মধ্যে কি ঘটা দরকার?

আমাদের মনের পুনর্নবীকরণের মাধ্যমে আমাদের অবশ্যই রূপান্তরিত হতে হবে।

(৩) কেন আমাদের নম্র হওয়া উচিত?

আমাদের যা কিছু আছে তা ঈশ্বর আমাদের দিয়েছেন।

(৪) *দুর্বল ভাই* এবং *সবল ভাই* শব্দগুলি ব্যাখ্যা করুন ।

দুর্বল ভাই হলেন এমন একজন ব্যক্তি, যিনি এমন কোনো কাজের জন্য নিজেকে দোষী বলে মনে করেন যা আসলে ঈশ্বরের দ্বারা নিষিদ্ধ নয়। একজন সবল ভাই হলেন এমন একজন ব্যক্তি, যিনি অপরাধবোধ ছাড়াই কোনো কাজ করতে পারেন, কারণ তিনি জানেন যে কাজ করা সত্যিই ঈশ্বরের অবাধ্যতা নয়।

(৫) ইহুদিবাদীরা (জুডাইজাররা) কারা ছিল?

ইহূদীবাদীরা ছিল ইহূদী যারা নিজেদের খ্রিষ্টবিশ্বাসী বলে দাবি করেছিল, কিন্তু তারা ভেবেছিল যে খ্রিষ্টবিশ্বাসীদের অবশ্যই ইহূদী ধর্মের চাহিদাগুলি পূরণ করতে হবে।

# পাঠ ১২
# মিশনের জন্য দর্শন

(১) প্রথম শতাব্দীতে সুসমাচার ছড়িয়ে দেওয়ার জন্য তিনটি মহান সংস্কৃতি কিভাবে বিশ্বকে প্রস্তুত করেছিল, তা ব্যাখ্যা করুন।

*এই পাঠে যে গ্রীক, রোমীয় ও ইহুদি সংস্কৃতি রয়েছে, সেই বিষয়ে শিক্ষার্থীর কিছু বিবরণ তালিকাভুক্ত করা উচিত।*

(২) কীভাবে প্রেরিত দেখিয়েছিলেন যে, ঈশ্বর সবসময় পরজাতীয়দের কাছে যাওয়ার জন্য সুসমাচারের পরিকল্পনা করেছিলেন?

ভাববাদীরা ভবিষ্যদ্বাণী করেছিলেন যে:

- পরজাতীয়রা ঈশ্বরের উপাসক হয়ে উঠবে।
- মশীহ পরজাতীয়দের উপর রাজত্ব করবেন।
- পরজাতীয়রা মশীহের উপর বিশ্বাস করবে।

(৩) যিরূশালেমের মন্ডলীর জন্য উপহারটি কেন এত গুরুত্বপূর্ণ ছিল?

উপহার পাঠিয়ে পরজাতীয়রা ইহুদিদের কাছে তাদের ঋণ স্বীকার করছিল, কারণ ইহুদি খ্রিষ্টবিশ্বাসীরা তাদের কাছে সুসমাচার নিয়ে এসেছিল। উপহার গ্রহণ করার মাধ্যমে ইহুদিরা স্বীকার করবে যে পরজাতীয়রাও একই মন্ডলীভুক্ত।

(৪) কীভাবে পৌল রোমে এসেছিলেন?

ইহুদি শাসকদের দ্বারা যিরূশালেমে গ্রেপ্তার হওয়ার পর পৌল বন্দী হিসেবে রোমে আসেন, রোমীয় রাজ্যপাল তাকে নিয়ে গিয়েছিলেন এবং বিচারের জন্য রোমে পাঠিয়েছিলেন।

খ্রিষ্টকেন্দ্রিক। প্রশিক্ষণ। সর্বত্র।

shepherds
GLOBAL CLASSROOM

SHEPHERDSGLOBAL.ORG